



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০২৫-২০২৬/১৬৪৮


তারিখঃ ১৯ মে ২০২৬

**বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষ্যে তফসিলি ব্যাংক সমূহ খোলা ও বন্ধ রাখা প্রসঙ্গে।**

সূত্র নংঃ এসডিএডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ ১৮ মে ২০২৬, সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এর ১৪ মে ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০..০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ এর অনুবৃত্তিক্রমে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষ্যে ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৬ তারিখ রবিবার বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল কার্যালয়/শাখা/উপশাখা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা থাকবে এবং ২৫ মে ২০২৬ তারিখ সোমবার হতে ৩১ মে ২০২৬ তারিখ রবিবার পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল কার্যালয়/শাখা/উপশাখা বন্ধ থাকবে।

অনুমোদনক্রমে-

  
(মোঃ আব্দুস সামাদ)  
উপমহাব্যবস্থাপক

বিতরণঃ


- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০২৫-২০২৬/১৬৪৮

তারিখঃ ১৯ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। উপমহাব্যবস্থাপক, সকল বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে পত্রটি অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

  
১৯ মে ২০২৬  
জাহানারা রায়হানুল ফেরদৌসী  
সহকারী মহাব্যবস্থাপক



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড  
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

এসডিএডি সার্কুলার লেটার নং- ০৭

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৮ মে ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

## পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে তফসিলি ব্যাংকসমূহ খোলা ও বন্ধ রাখা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ মে ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০২০.২৫.৪৪ এর অনুবৃত্তিক্রমে আসন্ন পবিত্র ঈদ-উল-আজহা, ২০২৬ উপলক্ষে আগামী ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৬ তারিখ রবিবার তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা থাকবে এবং ২৫ মে ২০২৬ তারিখ সোমবার হতে ৩১ মে ২০২৬ তারিখ রবিবার পর্যন্ত ব্যাংকসমূহ বন্ধ থাকবে।
- ঈদ-উল-আজহার পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধ এবং পোশাক শিল্প খাতের আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকিং কার্যক্রম চলমান রাখার সুবিধার্থে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আগামী ২৫ মে ২০২৬ তারিখ সোমবার ও ২৬ মে ২০২৬ তারিখ মঙ্গলবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
সকাল ১০:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত	সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত

- সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং - ২৪ অনুসারে ২৫ মে ২০২৬ তারিখ হতে ৩১ মে ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখতে হবে। তবে, এক্ষেত্রে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)  
পরিচালক (এসডিএডি)  
ফোন: ৯৫৩০০৯৩